



বিশ্বব্যাংকের ৪০৪ মিলিয়ন ডলারের সহায়তা পেল বাংলাদেশ



ছবি: সংগৃহীত

দেশের স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নে বিশ্বব্যাংকের সঙ্গে ৪০৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ও অনুদান চুক্তি করেছে বাংলাদেশ। বুধবার অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) ও বিশ্বব্যাংকের মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

চুক্তি অনুযায়ী, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) মাধ্যমে ৩৭৯ মিলিয়ন ডলার ঋণ এবং গ্লোবাল ফাইন্যান্সিং ফ্যাসিলিটি থেকে ২৫ মিলিয়ন ডলার অনুদান দেওয়া হবে। বাংলাদেশের পক্ষে ইআরডি সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকী এবং বিশ্বব্যাংকের পক্ষে জ্যঁ পেসমে চুক্তিতে স্বাক্ষর করেন।

এই অর্থায়নের আওতায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে দুটি প্রকল্প বাস্তবায়ন করা হবে। একটি প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্যসেবা, পুষ্টি কার্যক্রম ও স্বাস্থ্য ব্যবস্থাপনার সক্ষমতা উন্নয়নে কাজ করা হবে। বিশেষ করে চট্টগ্রাম ও সিলেট অঞ্চলে সেবার মান ও প্রাপ্যতা বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হবে।

অন্য প্রকল্পটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত হবে। এতে জলবায়ু সহনশীল ব্যবস্থাপনার মাধ্যমে প্রজনন স্বাস্থ্য ও জনসংখ্যা সেবার মানোন্নয়ন, দক্ষতা বৃদ্ধি এবং সেবার পরিধি সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হবে।

চুক্তির শর্ত অনুযায়ী, ঋণের অর্থ ৫ বছরের রেয়াতকালসহ ৩০ বছরে পরিশোধ করতে হবে। ঋণের ওপর নির্ধারিত হারে সেবামূল্য ও সুদ প্রযোজ্য হবে। তবে দীর্ঘদিন ধরে অনুভূত বিপন্নতার বিপরীতে কমিটমেন্ট ফি আদায় থেকে বিরত রয়েছে বিশ্বব্যাংক।